অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/11/2023 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নবায়নযোগ্য শক্তি সংযোজন প্রযুক্তিগত সমস্যার সমাধান সনাক্ত করার জন্য ভবিষ্যতের গ্রিড চ্যালেঞ্জের মাধ্যমে 11 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য করার ঘোষণা করলেন

রাউন্ড তিনের প্রকল্পসমূহকে 5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হবে

বৈদ্যুতিক গ্রিডের আধুনিকায়ন জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জনের লক্ষ্যকে সমর্থন করবে

গভর্নর ক্যাথি হোকল আজকে বৈদ্যুতিক গ্রিডে পরিবর্তিত শক্তির সংস্থানের মিশ্রণ সংযোজন করার ক্ষেত্রে প্রযুক্তিগত সমস্যার সমাধান সনাক্ত করা প্রকল্পসমূহের জন্য ভবিষ্যতের গ্রিড চ্যালেঞ্জের (Future Grid Challenge) চতুর্থ রাউন্ডের মাধ্যমে 11 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকার ঘোষণা করলেন। এছাড়াও আজকের ঘোষণাতে চ্যালেঞ্জের তৃতীয় রাউন্ডের অধীনের প্রকল্পে 5 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান রয়েছে। বৈদ্যুতিক গ্রিডের আধুনিকায়ন একটি পরিবর্তনশীল জলবায়ুর প্রতি সাড়াদানে নির্ভরযোগ্যতা ও স্থিতিস্থাপকতা উন্নত করে, সম্ভাব্য সেরা শক্তির ট্রান্সমিশন করে, এবং জলবায়ু নেতৃত্ব ও সম্প্রদায় সুরক্ষা আইনের (Climate Leadership and Community Protection Act) 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য বিদ্যুৎ অর্জনের লক্ষ্যকে সমর্থন করে।

"নিউ ইয়র্ক এবং সারা দেশে চরম আবহাওয়া ঘটনার সংখ্যা বৃদ্ধির কারণে আমরা আমাদের বৈদ্যুতিক গ্রিডকে আধুনিকায়িত করতে এবং নির্ভরযোগ্যতা বৃদ্ধি করতে এমন প্রযুক্তির বিকাশ সমর্থনে কঠোর পরিশ্রম করছি," **গভর্নর হোকল বলেন।** "আমাদের গ্রিডকে আরো বুদ্ধিমান, নমনীয় এবং পরিচ্ছন্নতর করার মাধ্যমে আমরা আমাদের শক্তি ব্যবস্থার নির্ভরযোগ্যতা নিশ্চিত করতে, নিঃসরণ হ্রাস করতে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য আরো টেকসই ভবিষ্যৎ গঠন করতে পারি।"

নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষ (New York State Energy Research and Development Authority, NYSERDA) পরিচালিত রাউন্ড চারের মাধ্যমে একটি নির্ভরযোগ্য আধুনিক শক্তি ট্রান্সমিশন ও বিতরণ ব্যবস্থাকে সমর্থন করবে এমন উন্নত প্রযুক্তির বিকাশ বা প্রদর্শন করবে এমন একক বা দলীয় সেবাদানকারীর প্রস্তাব অনুসন্ধান করা হচ্ছে যাদের মধ্যে গবেষক, পণ্য বিক্রেতা, সম্পদ ব্যবস্থাপক এবং উপদেষ্টা থাকতে পারবে। প্রকল্পে অবশ্যই

আধুনিক হ্রাসকৃত শক্তি ব্যয় এবং নবায়নযোগ্য সংযোজনের বৃহত্তর অংশ থাকতে হবে, এবং একই সাথে স্টেটকে এর উচ্চাকাঙ্ক্ষী জলবায়ু লক্ষ্য অর্জনে সাহায্য করতে হবে।

যেসকল উচ্চ অগ্রাধিকারের গ্রিড প্রযুক্তি সমাধানের জন্য প্রকল্প প্রতি 3 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য আছে তার মধ্যে রয়েছে:

- উন্নত ট্রান্সমিশন ব্যবহার
- কর্মকাণ্ডের পরিস্থিতিগত সচেতনতা
- বিতরণ শক্তি ব্যবস্থাপনা সিস্টেম (Distribution Energy Management Systems, DERMS)
- ইনভার্টার ভিত্তিক সংস্থান সংযোজন
- পাওয়ার ইলেক্ট্রনিক্স
- গ্রিড মডেলিং
- ডেটা বিশ্লেষণ
- কৃত্রিম বুদ্ধিমত্তা/মেশিন লার্নিং
- সুরক্ষা ব্যবস্থা

প্রস্তাবনা জমা দেওয়ার শেষ সময় হলো 26 অক্টোবর, 2023, বিকাল 3:00টা। অতিরিক্ত বিস্তারিত এবং সংশ্লিষ্ট নথির জন্য, NYSERDA ওয়েবসাইট ভিজিট করুন।

NYSERDA প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ডোরিন এম. হ্যারিস বলেন, "একটি আধুনিকায়িত গ্রিডকে আবহাওয়া এবং বিদ্যুৎ ব্যবহার কারীর প্রয়োজন থেকে শুরু করে বায়ু ও সৌরের মতো নবায়নযোগ্য উৎস থেকে শক্তি গ্রহণ ও বিতরণ করতে গ্রিডের ধারণক্ষমতা পর্যন্ত সকল বিষয়ে লাইভ ডেটা ব্যবহার করে গতিশীলভাবে ব্যবস্থাপনা করা হয়। ভবিষ্যৎ গ্রিড চ্যালেঞ্জের মাধ্যমে সমর্থিত প্রযুক্তিসমূহ গ্রিডের আধুনিকায়নকে অগ্রসর করছে এবং একই সাথে সকল নিউ ইয়র্কবাসীর জন্য শক্তির পরিচ্ছন্নতর উৎস প্রদানে সাহায্য করছে।"

জনসেবা কমিশনের (Public Service Commission) প্রধান ও প্রধান নির্বাহী কর্মকর্তা রোরি এম. ক্রিস্টিয়ান বলেন, "আবাসিক এবং ব্যবসা গ্রাহকদের সদা পরিবর্তনশীল চাহিদা পূরণ করতে দিবে এবং পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তি সংস্থানের ব্যবহার উন্নত করতে দিবে এমন উপায়ে গ্রিড আধুনিকায়ন করার একটি বলিষ্ঠ পথ বিকাশের প্রতি গভর্নর হোকলের প্রতিশ্রুতির আমি প্রশংসা করছি।"

রাউন্ড তিনে অর্থপ্রাপ্ত প্রকল্পসমূহের মধ্যে রয়েছে:

- **ক্লার্কসন ইউনিভার্সিটি** - 399,000 মার্কিন ডলার: অফশোর বায়ুর উচ্চ ভোল্টেজের ডিরেক্ট কারেন্ট মেশড নেটওয়ার্কের সাথে সংশ্লিষ্ট স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা ঝুঁকি মূল্যায়ন করার জন্য।
- **ইলেক্ট্রিক পাওয়ার রিসার্চ ইনস্টিটিউট**
- 397,000 মার্কিন ডলার: বর্ধিত অফশোর বায়ুর প্রবেশের ফলে অনশোর বিদ্যুৎ ব্যবস্থার অনন্য পরিস্থিতি তদন্ত করার জন্য।

- 2.3 মিলিয়ন মার্কিন ডলার: সৌর, ব্যাটারি স্টোরেজ এবং অন্যান্য বিতরণকৃত শক্তি সংস্থান (distributed energy resources, DERs) যাতে গ্রিডে আরো বেশি লাভ প্রদান করতে পারে তার জন্য একটি নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা সফ্টওয়্যার তৈরি করার জন্য।
- 400,000 মার্কিন ডলার: শক্তি স্টোরেজ বিকাশ কীভাবে ট্রান্সমিশন ও সাব-ট্রান্সমিশন নেটওয়ার্কসমূহের জন্য গ্রিডের স্থিতিশীলতা সমস্যা সমাধান করতে পারে তা অধ্যয়ন করার জন্য।
- **নিউ ইয়র্ক ইউনিভার্সিটি** - 187,000 মার্কিন ডলার: রক্ষণাবেক্ষণের জন্য সেবা বিঘ্নিত না করে বড় পাওয়ার ট্রান্সফর্মারের ত্রুটি সনাক্ত করার জন্য একটি প্রক্রিয়া বের করতে অধ্যয়ন করার জন্য।
- **কোয়ান্টা টেকনোলজি** - 400,000 মার্কিন ডলার: দৃশ্যমানতা এবং গ্রিড অপারেটরের পরিস্থিতি সম্পর্কে সচেতনতা উন্নত করতে বড় নবায়নযোগ্য শক্তি উৎপন্ন করার প্ল্যান্টে অবস্থিত বুদ্ধিমান পাওয়ার ইলেক্ট্রনিক ডিভাইস কীভাবে ব্যবহার করা যায় তা অধ্যয়ন করার জন্য।
- **সুইচড সোর্স -** 1 মিলিয়ন মার্কিন ডলার: কর্মদক্ষতা উন্নত করা, নবায়নযোগ্য উৎসের স্থান প্রদানের ধারণক্ষমতা বৃদ্ধি এবং বৈদ্যুতিক গ্রিডের নির্ভরযোগ্যতা বৃদ্ধি করার জন্য একটি পাওয়ার ইলেকট্রনিক্স ডিভাইসের সক্ষমতা প্রদর্শন করার জন্য।

ভবিষ্যৎ গ্রিড চ্যালেঞ্জ এমন গ্রিড প্রযুক্তি কোম্পানি ও গবেষণা প্রতিষ্ঠানকে তহবিল প্রদান করে যারা বৃহত্তর বাস্তব-সময়ের সিস্টেম ডেটার প্রয়োজন থেকে শুরু করে বিদ্যুৎ গ্রিডের পরিকল্পনা ও কর্মকান্ডে বুদ্ধিমান প্রযুক্তির এবং শক্তি স্টোরেজের সংযোজন পর্যন্ত ব্যাপক ব্যাপ্তির সমস্যায় সমাধান করে। স্থিতিস্থাপকতা উন্নত করা, জলবায়ু আইনের লক্ষ্য অর্জন করার জন্য প্রয়োজনীয় পারফরম্যান্সের জন্য শক্তি অবকাঠামোকে সক্ষম ও উন্নত করা এবং ট্রান্সমিশন ও বিতরণ ব্যবস্থার নির্ভরযোগ্যতা নিশ্চিত করা, এবং নবায়নযোগ্য শক্তির দ্রুততর সংযোজন সম্ভব করার জন্য উদ্ভাবনী প্রযুক্তির বিকাশ করা হলো কর্মসূচির লক্ষ্য।

নিউ ইয়র্ক যৌথ ইউটিলিটির (Joint Utilities of New York) সদস্যগণ, কন এডিশন (Con Edison), সেন্ট্রাল হাডসন গ্যাস ও ইলেকট্রিক (Central Hudson Gas & Electric), ন্যাশনাল গ্রিড (National Grid), নিউ ইয়র্ক স্টেট ইলেকট্রিক এবং গ্যাস (New York State Electric and Gas), রচেস্টার গ্যাস ও ইলেকট্রিক (Rochester Gas & Electric), এবং অরেঞ্জ ও রকল্যান্ড এবং অ্যাডভান্সড টেকনোলজি ওয়ার্কিং গ্রুপের (Advanced Technology Working Group) সাথে অংশীদারিত্বে নবায়নযোগ্য শক্তি উৎসের স্থান প্রদানের ব্যবস্থা করা এবং ট্রান্সমিশন ও বিতরণ ব্যবস্থায় তাদের প্রভাব বুঝার জন্য চ্যালেঞ্জগুলি তৈরি করা হয়েছে। একত্রে, এই ইউটিলিটিগুলি পুরো স্টেটের 13 মিলিয়নের বেশি গৃহস্থালি, ব্যবসা, এবং সরকারি ফ্যাসিলিটিতে বিদ্যুৎ সেবা প্রদান করে।

আজকের ঘোষণাটি NYSERDA এর সফল গ্রিড আধুনিকায়ন কর্মসূচির (Grid Modernization Program) অনুবর্তী, যা গবেষণা, বিকাশ অগ্রসর করতে, এবং একটি বুদ্ধিমান, আধুনিকায়িত বিদ্যুৎ গ্রিডের অগ্রসর সমর্থন করে এমন উদ্ভাবনী সমাধানের অর্থায়ন প্রদান করতে, প্রতিবন্ধকতা অপসারণ করতে এবং বিদ্যুৎ গ্রিডের আধুনিক প্রযুক্তির স্কেলে সম্পূর্ণ বিকাশের জন্য প্রয়োজনীয় ইউটিলিটি বিনিয়োগ সক্ষম করতে 2026 সালের মধ্যে মোট 133 মিলিয়ন

মার্কিন ডলার প্রদান করবে। 2016 সাল থেকে, নিম্ন ব্যয়ের, উচ্চ নির্ভুলতার গ্রিড সেন্সর, মডেলিং এবং সিমুলেশন তুলে, এবং আরো কার্যকর অপটিমাইজেশনের জন্য আধুনিক প্রকৌশল সমাধান, নির্ভরযোগ্যতা এবং স্থিতিশীলতা, এবং নবায়নযোগ্য শক্তি সংস্থানের সংযোজনসহ বিভিন্ন প্রকল্পের জন্য NYSERDA এর স্মার্ট গ্রিড (Smart Grid) কর্মসূচিটি গ্রিড প্রযুক্তি কোম্পানি এবং গবেষণা সংগঠনকে 111টি চুক্তির অধীনে আনুমানিক 65 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। NYSERDA এর ওয়েবসাইট আরো জানুন।

এই উদ্যোগের জন্য স্টেটের 10 বছর মেয়াদী 6 বিলিয়ন মার্কিন ডলারের পরিচ্ছন্ন শক্তি তহবিল (Clean Energy Fund) থেকে এই উদ্যোগের জন্য অর্থায়ন আসবে। এই তহবিল সম্পর্কে আরো তথ্য NYSERDA-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা

নিউ ইয়র্ক স্টেটের দেশ-নেতৃস্থানীয় জলবায়ুর এজেন্ডা একটি সুশৃঙ্খল এবং ন্যায্য পরিবর্তন করার আহ্বান জানায় যা পরিবারকে টিকিয়ে রাখার কর্মসংস্থা তৈরি করে, সকল সেক্টরে একটি গ্রিন ইকোনমি গড়ে তোলাকে অব্যাহত রাখে এবং নিশ্চিত করে যে 40 শতাংশের লক্ষ্য রেখে কমপক্ষে 35 শতাংশের পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের সুবিধাগুলো সুবিধাবঞ্চিত কমিউনিটির দিকে পরিচালিত হয়। দেশের সবচেয়ে আগ্রাসী জলবায়ু ও নির্মল জ্বালানি উদ্যোগগুলোর দিকনির্দেশনায়, নিউ ইয়র্ক 2040 সালের মধ্যে শূন্য-নির্গমনসম্পন্ন বিদ্যুৎ খাত অর্জনের পথে রয়েছে, যার মধ্যে 2030 সালের মধ্যে 70 শতাংশ নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং শতাব্দীর মাঝামাঝি সময়ের মধ্যে অর্থনীতিজুড়ে কার্বন নিরপেক্ষতা অর্জন করা অন্তর্ভুক্ত রয়েছে। এই পরিবর্তনের একটি ভিত্তি হলো নিউ ইয়র্কের অভূতপূর্ব নির্মল জ্বালানি বিনিয়োগ, যার মধ্যে রয়েছে স্টেট জুড়ে 120টি বড়-মাত্রার নবায়নযোগ্য ও বিতরণের প্রকল্পে 35 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, বিল্ডিং থেকে নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন মার্কিন ডলার, সৌর বিদ্যুতের মাত্রা বৃদ্ধি করার জন্য 3.3 বিলিয়ন মার্কিন ডলার, নির্মল পরিবহন উদ্যোগের জন্য 1 বিলিয়ন মার্কিন ডলারের বেশি, এবং NY গ্রীন ব্যাংক-এর প্রতিশ্রুতিতে 2 বিলিয়ন মার্কিন ডলারের বেশি বিনিয়োগ। এগুলো ও অন্যান্য বিনিয়োগ 2021 সালে নিউ ইয়র্কের নির্মল জ্বালানি খাতে 165,000 এরও বেশি চাকরি, এবং 2011 সাল থেকে বিতরণকৃত সৌর খাতে 3,000 শতাংশের বেশি প্রবৃদ্ধিতে সহায়তা করছে। এছাড়া, গ্রিনহাউস গ্যাস নির্গমন কমানো এবং বায়ুর মান উন্নত করার জন্য, নিউ ইয়র্ক শূন্য-নির্গমনসম্পন্ন যানবাহন সম্পর্কিত বিধিমালা গ্রহণ করেছে, যার মধ্যে 2035 সালের মধ্যে স্টেটে বিক্রি হওয়া সব যাত্রীবাহী গাড়ি ও ট্রাক শূন্য-নির্গমনসম্পন্ন হওয়া আবশ্যক হওয়ার বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। অংশীদারিত্বগুলো বায়ু দূষণকে টার্গেট করতে এবং জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে সাহায্য করার জন্য স্টেটজুড়ে প্রায় 400টি নিবন্ধিত ও 100টি সার্টিফাইড ক্লাইমেট স্মার্ট কমিউনিটি, প্রায় 500টি ক্লিন এনার্জি কমিউনিটি, এবং 10টি সুবিধাবঞ্চিত কমিউনিটিতে স্টেটের বৃহত্তম কমিউনিটি এয়ার মনিটরিং ইনিশিয়েটিভের মাধ্যমে নিউ ইয়র্কের জলবায়ু পদক্ষেপকে এগিয়ে নিয়ে যাচ্ছে।

###

আরো সংবাদ এখানে পাওয়া যাবে: www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন